

106489 - আধুনিক যন্ত্রপাতি দিয়ে চাঁদ দেখতে কোন অসুবিধা নেই

প্রশ্ন

চাঁদ কি খালি চোখে দেখা আবশ্যিকীয়? নাকি আমরা টেলিস্কোপ ও আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করব?

প্রিয় উত্তর

শরয়ি দলিলগুলোর বাহ্যিক নির্দেশনা হচ্ছে- এ সকল যন্ত্রপাতি দিয়ে চাঁদ দেখার দায়িত্ব মানুষের উপর আরোপ না করা। বরঞ্চ খালি চোখে চাঁদ দেখাই যথেষ্ট। তবে, কোন ব্যক্তি যদি এ সকল যন্ত্রপাতির মাধ্যমে চাঁদ দেখেন এবং নিশ্চিত করেন যে, তিনি সূর্য ডোবার পর এ সকল যন্ত্রপাতির মাধ্যমে চাঁদ দেখেছেন এবং সেই লোক যদি মুসলিম ও আদল হয়; তাহলে আমি তার চাঁদ দেখার ভিত্তিতে আমল করতে কোন বাধা দেখি না। কেননা সেটিও চোখ দিয়ে দেখা; হিসাবভিত্তিক নয়।[সমাপ্ত]

মাননীয় শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ)

[মাজমুউ ফাতাওয়া ওয়া মাক্কালাত মুতানাউয়িয়া (১৫/৬৮, ৬৯)]